

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়ন পত্রিকার
শেখ হাফিজুর রহমান

৪৬.০২০.০০৪.০১.০০.১১০৬.২০১৬-১৪৪৬

তারিখ : ০৬/০৭/২০১৭খ্রি:

বিষয় : বগুড়া জেলা পরিষদ নির্বাচন-২০১৬ এর বিষয়ে দায়েরকৃত লীড-টু-আপীল মামলা নং-১১৮৫/২০১৭ সংক্রান্ত ।


সূত্র :- জেলা পরিষদ অধিশাখার ২১/০৫/২০১৭ তারিখের ১১৩৮ নং স্মারক ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলা পরিষদ নির্বাচন-২০১৬ এর চেয়ারম্যান পদে দাখিলকৃত মনোনয়নপত্র বাতিলের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-১৬১০১/২০১৬ দায়ের করা হয়। উক্ত রীট পিটিশনে প্রদত্ত হাইকোর্ট বিভাগের ০২/০২/২০১৭ তারিখের রায়ের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে ১১৮৫/২০১৭নং লীড-টু-আপীল দায়ের করা হয়েছে। স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের পদবী ব্যবহার করে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে ১১৮৫/২০১৭ নং লীড-টু-আপীল দায়ের করা হয়েছে কিনা সে সম্পর্কে জরুরী তথ্য প্রেরণসহ এ বিভাগের পক্ষ থেকে আপীল বিভাগে মামলা দায়ের না করা হয়ে থাকলে কিভাবে আপীল দায়ের করা হয়েছে বিষয়টি পরীক্ষা নিরীক্ষা করে প্রয়োজনীয় আইনানুগ পদক্ষেপ গ্রহণের জন্য সূত্রোক্ত স্মারকে অনুরোধ জানানো হয়েছে। তৎপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের পক্ষে আপীল বিভাগে ১১৮৫/২০১৭ নং লীড-টু-আপীল দায়ের করা হয়েছে কিনা এবং হয়ে থাকলে কোন প্রেক্ষিতে দায়ের করা হয়েছে তা ও মামলাটি দ্রুত নিষ্পত্তির উপায় সম্পর্কে তথ্য প্রেরণের জন্য বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব শেখ শফিক মাহমুদ পুষ্পকে অনুরোধ করা হয়।

২। গত ০৩/০৭/২০১৭ খ্রিঃ তারিখে বিজ্ঞ আইনজীবী জানান যে, ৩০/০৩/২০১৭ তারিখে লীড-টু-আপীল মামলা নং-১১৮৫/২০১৭ দায়ের করা হয়েছে এবং মামলাটিতে কোন স্থগিতাদেশ নেই (তথ্য বিবরণী সংযুক্ত)। তিনি মামলাটি না চালানোর সিদ্ধান্ত নেওয়া হলে পত্র দ্বারা জানানোর পরামর্শ দেন। ইতোমধ্যে বগুড়া জেলা পরিষদ নির্বাচন সম্পন্ন হয়েছে এবং নির্বাচিত চেয়ারম্যান শপথ গ্রহণ করেছেন।

৩। এমতাবস্থায়, বিজ্ঞ আইনজীবী কর্তৃক প্রেরিত মতামত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো এবং মামলাটি প্রত্যাহার কিংবা নিষ্পত্তির বিষয়ে সিদ্ধান্ত হলে আইন শাখাকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ-----ফর্দ।


(মোহাম্মদ শফিউল আরিফ)
উপসচিব

ফোন-৯৫৪০৯৯৫

ইমেইলঃ arif6550@yahoo.com.

উপসচিব (জেলা পরিষদ)

স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। সচিব মহোদয়ের একান্ত-সচিব, স্থানীয় সরকার বিভাগ(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) ;
- ২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।